NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-411**

বিষয়: **আচরণগত সংকটে শিক্ষার্থীদের সহায়তা প্রদান**

শ্রেণি: **শিক্ষার্থী**

ইস্যুর তারিখ: **25 জুলাই 2024**

## পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার:

এই প্রবিধান 21 মে, 2015 তারিখে জারিকৃত প্রবিধান A-411-কে রহিত করে।

স্পষ্টতা ও সহজবোধ্যতার জন্য এই প্রবিধানের সার্বিক অনুক্রম পুনরায় সাজানো হয়েছে।

এই প্রবিধানকে 911 নম্বরে যোগাযোগের পরিবর্তে শিক্ষার্থীদের সহায়তা প্রদানকে জোরদার করতে পুনরায় নামকরণ করা হয়েছে।

প্রবিধানটির বিষয়বস্তু নিম্নরূপে সংশোধন করা হয়েছে:

সেকশন I

- ভূমিকা যোগ করা হয়েছে।
- শিক্ষার্থীরা আচরণগত সংকটে থাকাকালে সেটা নিরোধ করা, হস্তক্ষেপ প্রদান করা এবং প্রশমন করা সম্পর্কে এই প্রবিধানটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের নীতি এবং প্রক্রিয়াসমূহের ব্যাখ্যা দেয়। (I.A.)
- যোগ করে যে সংকটে হস্তক্ষেপের লক্ষ্য হলো সংকটে থাকা অথবা সংকটের ঝুঁকিতে থাকা শিক্ষার্থীর আচরণ প্রশমনে সহায়তাদান করা। I.B.
- স্পষ্ট করে যে স্কুলগুলোকে অবশ্যই এই প্রবিধান এবং স্কুলের সংকট হস্তক্ষেপ পরিকল্পনায় আচরণ সংকটে থাকা কোনো শিক্ষার্থীকে সহায়তা দেয়ার সময় সমঞ্জস্যপূর্ণভাবে সকল যথাযথ এবং নিরাপদ প্রশমন কৌশল ও হস্তক্ষেপ ব্যবহার করবে। (I.C.)
- এই প্রবিধানের উদ্দেশ্যে পিতামাতা, স্কুল কর্মী, এবং DOE বহির্ভূত কর্মী শব্দগুলির সংজ্ঞা দেয়। (I.D., I.E.)
- সংকটকালের সহায়তা-উপকরণগুলোতে (I.F.) হাইপারলিংক যোগ করে।
- এই প্রবিধানের প্রয়োজনে নির্দেশ দেয় যে, ব্যবহৃত নিরসন কৌশলগুলিকে মানসিক আঘাত বিষয়ে সতর্ক থাকা, কৌশল এবং হস্তক্ষেপগুলোর সাংস্কৃতিক দিয়ে সচেতন হওয়া এবং সেগুলোতে শারীরিক হস্তক্ষেপ বা মৌখিক হুমকি না থাকা উচিত। (I.G.)

সেকশন II

- স্কুলের সংকটে হস্তক্ষেপকারী টিম গঠন ও তার তার দায়-দায়িত্ব কী, সেসবের বিবরণ যুক্ত করে। (II.B., II.C., II.D.)

- সংকট টিম লিডারদের পদসমূহকে পূর্ণকালভিত্তিক হওয়া বাধ্যতামূলক করে। (II.C.)
- শর্তটি ব্যাখ্যা করে যে, সংকট হস্তক্ষেপ টিম চাহিদা মূল্যায়নে কমপক্ষে মাসে একবার মিলিত হবে যেখানে কোনো সংকটের চলমান সমাধানে অব্যাহত সহায়তার জন্য প্রয়োজনীয় মূল্যায়নে প্রস্তুতি, প্রক্রিয়া পর্যালোচনা, রিসোর্স, এবং ট্রেনিংয়ের পরিমাপ হয়। (II.E.)
- সংকট হস্তক্ষেপকারী টিমের (II.F.) বাড়তি দায়-দায়িত্ব প্রত্যয়নকারী প্রাসঙ্গিক সূত্র চ্যান্সেলরের প্রবিধান A-755।

সেকশন III

- স্পষ্ট করে যে সংকট হস্তক্ষেপ পরিকল্পনাসমূহে অবশ্যই অন্তর্ভুক্ত একটি সেকশন থাকবে যাতে একটি আচরণগত সংকট নিরসন পরিকল্পনা এবং সংকট হস্তক্ষেপ পরিকল্পনার অন্য সেকশনগুলি প্রত্যয়নকারী প্রাসঙ্গিক সূত্র চ্যান্সেলরের প্রবিধান A-755 থাকে। (III.A.)
- যোগ করে যে, আচরণগত সংকট সর্বনিম্ন রাখতে ও আচরণ সংকট প্রশমন করতে তৈরি সংকট হস্তক্ষেপ পরিকল্পনা আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত থাকতে হবে। (III.A.1.)
- আচরণ সংকটে থাকা শিক্ষার্থীদের পৃথকীকরণ সম্পর্কিত লিখিত অংশ অপসারণ করে। (III.A.3.)

সেকশন IV

- স্টেটের বিধান অনুযায়ী সংযম এবং অন্য হস্তক্ষেপের উপর বিধি-নিষেধ সম্পর্কিত সেকশন যোগ করে। (IV.)
- স্পষ্ট করে যে স্কুলে কর্মরত স্কুল কর্মীবৃন্দ এবং নন-DOE কর্মীগণ শিক্ষার্থীদের বিরুদ্ধে দৈহিক শাস্তি, বিরূপভাবে হস্তক্ষেপ, মেকানিক্যাল সংযম, অথবা পৃথকীকরণের মতো শাস্তি প্রদান করতে পারে না। (IV.A.)
- দৈহিক শাস্তি, বিরূপ হস্তক্ষেপ, যান্ত্রিক সংযম, এবং পৃথকীকরণের সংজ্ঞা প্রদান করে। (IV.A.1–4.)
- স্পষ্ট করে যে স্কুল কর্মীগণ দৈহিক আটকাবস্থা ব্যবহার করতে পারবেন না, এবং বিধি-নিষেধ যোগ করে যে স্কুলে কর্মরত DOE-বহির্ভূত ব্যক্তিবর্গ যদি না যথাযথ প্রশিক্ষণ পান, এবং শুধুমাত্র যখন অন্য কোনো কম নিষেধাত্মক ও জবরদস্তিমূলক হস্তক্ষেপ ও প্রশমন কৌশল শিক্ষার্থী অথবা অন্যদের আসন্ন গুরুতর শারীরিক ক্ষতির বিপদ প্রতিরোধ না করে; এবং সেখানে যদি শিক্ষার্থীর উপর ব্যবহারের জন্য জানা কোনো চিকিৎসাগত প্রতিলক্ষণ না থাকে, যা স্টেটের বিধির সাথে সমন্বিত, তাহলে দৈহিক আটকাবস্থা ব্যবহার করতে পারবেন না। (IV.B.)

সেকশন V

- স্পষ্ট করে যে বার্ষিক ওরিয়েন্টেশনে অবশ্যই এই প্রবিধানে বর্ণিত নীতিমালা ও পদ্ধতিসমূহ এবং স্কুলের সঙ্কট প্রশমন (ডি-এসকেলেশন প্ল্যান) পরিকল্পনা উপস্থাপন করতে হবে। (V.A.)
- যোগ করে যে সংকট হস্তক্ষেপ টিম সদস্যগণ অবশ্যই সংকট সম্পৃক্ত বিষয়ে অব্যাহত পেশাগত উন্নয়ন লাভ করে যার অন্তর্ভুক্ত আছে শিক্ষার্থী কল্যাণ এবং আচরণগত সংকট প্রতিরোধ এবং প্রশমনের উন্নতি, তবে তা এতেই সীমিত নয়। (V.D.)

সেকশন VI

- স্কুলের সংকট প্রতিরোধ পরিকল্পনায় বর্ণিত প্রশমন কৌশল এবং হস্তক্ষেপ ব্যবহারের আবশ্যিকতা স্পষ্ট করে। (VI.A.)

- যোগ করে ঐসব পদক্ষেপ যা ক্লাসরুম শিক্ষকবৃন্দ, প্রিন্সিপালগণ/তাদের দায়িত্ব নিযুক্ত ব্যক্তিবর্গ, এবং স্কুল সংকট টিমের সদস্যগণ অবশ্যইগ্রহণ করবে যখন কোনো শিক্ষার্থী আচরণগত সংকটের অভিজ্ঞতার মধ্য দিয়ে যায় যেটি সুরক্ষিতভাবে ক্লাসরুম শিক্ষক কর্তৃক প্রশমন করা যায়নি। (VI.B–F.)
- স্পষ্ট করে যে প্রিন্সিপাল/বা সেই দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই পিতামাতা এবং, যদি পিতামাতার সাথে যোগাযোগ সম্ভব না হয়, সেক্ষেত্রে শিক্ষার্থীর জরুরি যোগাযোগের কার্ডে উল্লিখিত জরুরি যোগাযোগের ব্যক্তিদের সাথে যোগাযোগ করবে। (VI.D.)
- আবশ্যিক করে যে, যখন কোনো একটি আচরণগত সংকট সফলভাবে প্রশমন হয়, শিক্ষার্থীর পিতামাতাকে অবশ্যই জানাতে হবে, এবং শিক্ষার্থীকে দ্রুত ক্লাসে ফেরত পাঠাতে হবে। (VI.F.)
- ব্যাখ্যা করে প্রচেষ্টার আবশ্যিকতা যা কোনো একটি আচরণগত সংকটের প্রতিবিধান অবশ্যই করতে হবে 911 নম্বরে যোগাযোগের আগে এবং এই যে প্রিন্সিপাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তিকে সিদ্ধান্ত নিতে হবে 911 নম্বরে ফোন করা হবে কিনা। (VI.G.)
- স্পষ্ট করে যে, কোনো অবস্থাতেই 911 নম্বরে ফোন করা বা শিক্ষার্থীর আচরণে শৃঙ্খলা লঙ্ঘনের জবাবটি কাজে লাগানো বা সেটিকে নিরসন কৌশলের পরিবর্তে ব্যবহার করা যাবে না, যেখানে এই ধরনের কৌশল এবং রিসোর্স সুরক্ষিতভাবে উপরে উল্লিখিত সংকট সমাধানে ব্যবহার করা যেতে পারে। (VI.H.)
- স্পষ্ট করে যে স্কুল কর্মীগণ কোনো পিতামাতাকে তার সন্তানকে স্কুল থেকে নিয়ে যাওয়ার জন্য 911 নম্বরে বা EMS-এ ফোন করে নির্দেশ বা চাপদানের হুমকি দিতে পারে না। (VI.I.)

সেকশন VII

- এই আবশ্যিকতাটি যোগ করে যে, যদি 911 নম্বরে ফোন করা হয়, প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই দ্রুত পিতামাতাকে জানাবেন এবং, পিতামাতার সাথে যোগাযোগ করা না গেলে শিক্ষার্থীর জন্য জরুরি যোগাযোগের ব্যক্তির সাথে অবশ্যই যোগাযোগ করবে। (VII.A.)
- পিতামাতার সাথে যোগাযোগ করা না গেলে এবং আচরণগত সংকটটি নিরাপদে উপশম করা না গেলে যদি 911 কল করা হয় এবং জরুরি সহায়তা আবশ্যক হয়, সেক্ষেত্রে অনুসরণ করা আবশ্যক প্রক্রিয়াসমূহ স্পষ্ট করে। (VII.D.)
- আবশ্যক করে যে, যদি নির্ধারিত হয় যে শিক্ষার্থীটির জরুরি চিকিৎসা এবং/অথবা পরিবহনের আবশ্যিকতা নেই এবং আচরণের উপশম হয়েছে, স্কুল কর্মীগণ ও পিতামাতাগণ যথাযথ পরবর্তী ধাপসমূহ নিয়ে আলোচনা করবেন। (VII.E)
- স্পষ্ট করে যে স্কুল কর্মীগণ কোনো পিতামাতাকে তার সন্তানকে স্কুল থেকে নিয়ে যাওযার জন্য নির্দেশ অথবা চাপ সৃষ্টি করতে পারেন না। (VII.E)

সেকশন VIII

- স্পষ্ট করে যে শিক্ষার্থী অবশ্যই যথাযথ শিক্ষা অব্যাহত রাখবে এবং শিক্ষার্থীকে স্কুলে যোগদান বা ফিরতে কোনো একটি মানসিক স্বাস্থ্যের ছাড়পত্র বা অন্য কোনো আবশ্যিকতা শর্ত হিসেবে আরোপিত হবে না। (VIII.A.)
- স্পষ্ট করে পদক্ষেপসমূহ যা আচরণগত সংকটে অনুসরণ করা হবে এবং শিক্ষার্থীটির জন্য সম্ভাব্য হস্তক্ষেপের তালিকা প্রদান করে। (VIII.B.)

সেকশন IX

- কোনো আচরণগত সংকটের পর আবশ্যিক রিপোর্টিংয়ের বিস্তারিত বিবরণ যোগ করে। (IX.A–D.)

সেকশন X:

- অনুসন্ধানের জন্য যোগাযোগের তথ্য হালনাগাদ করে।

নম্বর: **A-411**
বিষয়: **আচরণগত সংকটে শিক্ষার্থীদের সহায়তা প্রদান**
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: **25 জুলাই 2024**

## সারসংক্ষেপ

এই প্রবিধান 15 মে, 2015 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-411 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়। এটি আচরণগত সংকটের মুখোমুখী শিক্ষার্থীদের সহায়তা সম্পর্কিত নীতিমালা এবং প্রক্রিয়াসমূহ হালনাগাদ করে, এর মধ্য আছে এটা নিশ্চিত করা যে, সকল উপশমকারী হস্তক্ষেপ ব্যবহার না করা পর্যন্ত 911 নম্বরে ফোন করা।

## I. পরিচিতি[1]

A. স্পষ্ট করে যে, প্রবিধানটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের(“DOE”) নীতি এবং প্রক্রিয়াসমূহের বিবরণ দেয় যা শিক্ষার্থীরা আচরণগত সংকটের মুখোমুখী হওয়ার সময় সেটির প্রতিরোধ, হস্তক্ষেপ এবং প্রশমন সংক্রান্ত।

B. যোগ করে যে সংকটে হস্তক্ষেপের লক্ষ্য হলো সংকটে থাকা অথবা সংকটের ঝুঁকিতে থাকা শিক্ষার্থীর আচরণ প্রশমনে সহায়তাদান করা। যখন কোনো শিক্ষার্থী এমন আচরণে লিপ্ত হয় যা ওই শিক্ষার্থী বা অন্যান্যের জন্য মারাত্মক জখম হওয়ার যথেষ্ট ঝুঁকি তৈরি করে, তখন স্কুলকে অবশ্যই আচরণটি নিয়ন্ত্রণে আনার যথাযথ কৌশল নির্ধারণ এবং স্কুল কর্মচারীরা নিম্নবর্ণিত উপায়ে নিরাপদে পরিস্থিতি প্রশমনে সক্ষম হবেন কিনা বিবেচনা করতে হবে।

C. যখন এই প্রবিধানের সাথে সমন্বিত নিরসন প্রচেষ্টা এবং স্কুলের সংকট নিরসন পরিকল্পনা সফল না হয়, এবং শিক্ষার্থী বা অন্যদের গুরুতর আঘাতপ্রাপ্তির যথেষ্ট ঝুঁকি তৈরি অব্যাহত থাকে, প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি নির্ধারণ করবেন 911 নম্বরে ফোন করা হবে কিনা।

D. এই প্রবিধানের উদ্দেশ্যের জন্য, পিতামাতা শব্দটি দিয়ে বোঝায় শিক্ষার্থীর পিতামাতা(গণ) অথবা অভিভাবক বা শিক্ষার্থীর সাথে সম্পর্কিত যেকোনো পিতামাতা অথবা কাস্টোডিয়াল (তত্ত্বাবধায়ক) স্থানীয় ব্যক্তি বা পিতামাতা নির্ধারিত যেকোনো ব্যক্তি যিনি পিতামাতা ভূমিকায় কাজ করেন অথবা যমনটি অন্যথায় চ্যান্সলরের প্রবিধান A-101-এ বর্ণিত।

---

[1] শারীরিক আঘাত বা স্বাস্থ্যগত অবস্থার কারণে জরুরি চিকিৎসা সেবার জন্য 911 নম্বরে যোগাযোগ সম্পর্কিত নীতিমালা ও পদ্ধতিসমূহ চ্যান্সেলরের প্রবিধান A-412-এ উল্লেখ করা হয়েছে।

E. এই প্রবিধানের উদ্দেশ্যের জন্য, স্কুল কর্মী শব্দটির অন্তর্ভুক্ত সকল কর্মী সদস্য, যার মধ্যে আছেন শিক্ষানির্দেশনার কাজে জড়িত নয় এমন ব্যক্তিগণ, কিন্তু এদের মধ্য স্কুল সেফটি এজেন্টস্ (SSAs) বা NYPD কর্মীগণ অন্তর্ভুক্ত নন। নন-DOE ব্যক্তিবর্গ দিয়ে কমিউনিটি-ভিত্তক সংগঠন, স্কুল-ভিত্তিক হেলথ্ ক্লিনিক অথবা মেন্টাল (মানসিক) হেলথ্ ক্লিনিক এবং স্কুল সেফটি (সুরক্ষা) এজেন্ট বোঝায় যাদের কোনো একটি স্কুল কাজের জন্য নিয়োজিত করা হয়।

F. রিসোর্সগুলি পাওয়া যাবেসংকট সহায়তা (nyced.org)সাইটে।

G. এই প্রবিধানের উদ্দেশ্যের জন্য, যে নিরসন টেকনিকগুলি ব্যবহৃত হয়েছে সেগুলি মানসিক আঘাত-সজ্ঞাত, সাংস্কৃতিকভাবে সাড়াদানকারী কৌশল এবং হস্তক্ষেপযুক্ত হবে কিন্তু যার মধ্যে শারীরিক হস্তক্ষেপ বা মৌখিক হুমকি অন্তর্ভুক্ত থাকবে না।

## II. স্কুল সংকট টিম

A. ক্ষতিগ্রস্ত পক্ষগুলির বের হয়ে আসা মানসিক চাহিদা পূরণে দ্রুত এবং সমন্বিত পদক্ষেপ গ্রহণের জন্য কার্যকর সংকট সাড়াদানের আহ্বান, যোগাযোগের স্পষ্ট ধারা, এবং অংশীদারিত্ব প্রতিষ্ঠা।

B. প্রতিটি স্কুলে প্রিন্সিপালকে অবশ্যই একট স্কুল সংকট হস্তক্ষেপ টিম প্রতিষ্ঠা করতে হবে ("ক্রাইসিস টিম")। স্ঙকট টিমটি একটি বহুমুখী-শৃঙ্খলার টিম টিম সদস্যগণ স্কুলে অবশ্যই পূর্ণ-কালীন হবেন এবং অবশ্যই টিমে থাকবে, ন্যূনতম একজন স্কুল প্রশাসক, স্কুল কাউন্সেলর(গণ) এবং/অথবা সোশ্যাল ওয়ার্কার(বৃন্দ), শিক্ষক(গণ), মাদকদ্রব্য প্রতিরোধ এবং হস্তক্ষেপ বিশেষজ্ঞ(গণ)-যা (SAPIS হিসেবেও পরিচিত), স্কুল নার্স(গণ) এবং/অথবা স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারী -(SBMHP) যদি এইসব পদের লোক স্কুলে থাকেন।

C. সংকট টিমটিতে অবশ্যই থাকবেন একজন সংকট টিম লিডার এবং অন্য ভূমিকার মানুষজন যেমনটি কনসলিডেটেড স্কুল এবং ইয়ুথ ডেভালাপমেন্ট প্ল্যানে বর্ণিত আছে। সংকট টিমের লিডার ছাড়ব এক ব্যক্তি বহু ভূমিকা ধারণ করতে পারেন। ক্রাইসিস (সংকট) টিমের কোনো সদস্য যদি স্কুল ত্যাগ করেন অথবা দায়িত্ব পালনে অক্ষম হন, প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি একজনকে তার স্থলাভিষিক্ত সদস্যতার করবেন।

D. সংকট টিমের প্রাথমিক দায়িত্বসমূহের মধ্যে আছে: সংকটকালে ও পরে শিক্ষার্থী, কর্মী, এবং স্কুল কমিউনিটির মানসিক চাহিদা মূল্যায়ন এবং সমাধান করা; ক্ষতিগ্রস্ত যারা তাদের জন্য সহায়তা এবং হস্তক্ষেপের সুবিধা প্রদান; নিরসন সহায়তা প্রদান; শেখার পরিবেশ পুনরুদ্ধার উন্নত করা; শিক্ষার্থী, কর্মী, এবং পিতামাতাদের (যেমন হাসপাতাল, চলমান সংকট টিম, মনসিক স্বাস্থ্যবিষয়ক এজেন্সিসমূহ, কমিউনিটি ভিত্তিক সংগঠন (CBOs), স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্যের ক্লিনিক, সংকট নিরসনে প্রশিক্ষিত ব্যক্তিবর্গ, প্রতিষ্ঠানসমূহ যার জরুরি/এক-দিনে মানসিক স্বাস্থ্য মূল্যায়ন প্রদান করে); প্রতিরোধ কৌশল তৈরি এবং বাস্তবায়ন করা; এবং পেশাগত উন্নয়ন সহজীকরণ এবং প্রদান করা।

E. সংকট টিম চাহিদা মূল্যায়নে কমপক্ষে মাসে একবার মিলিত হবে যেখানে কোনো সংকটের চলমান সমাধানে অব্যাহত সহায়তার জন্য প্রয়োজনীয় মূল্যায়নে প্রস্তুতি, প্রক্রিয়া পর্যালোচনা, রিসোর্স, এবং

ট্রেনিংয়ের পরিমাপ হয়। এইসব মিটিংয়ের একটি আলোচ্যসূচি এবং উপস্থিতি ফাইলে অবশ্যই সংরক্ষিত থাকবে।

F. সংকট টিমের বাড়তি দায়-দায়িত্বচ্যান্সেলরের প্রবিধান A-755-এ বর্ণিত আছে।

III. সঙ্কট মোকাবেলা পরিকল্পনা

A. প্রতিটি স্কুলের সংকট টিম অবশ্যই একটি সংকট হস্তক্ষেপ পরিকল্পনা সম্পূর্ণ করবে যাতে এর কনসলিডেটেড (সংহত) স্কুল এবং যুব উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে একটি অংশ থাকবে যেটি অবশ্যই একটি সঙ্কট প্রশমন পরিকল্পনা (ক্রাইসিস ডি-এসকেলেশন প্ল্যান) অন্তর্ভুক্ত থাকবে। সংকট হস্তক্ষেপ পরিকল্পনায় যেসব অন্য সেকশন অন্তর্ভুক্ত থাকবে সেগুলির একটি বিবরণের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-755 দেখুন। আচরণগত সংকট প্রশমন পলিকল্পনায় অবশ্যই:

1. সংকট পরিস্থিতি সংক্ষিপ্ত করা আচরণগত সংকট প্রশমন করার জন্য আচরণগত সংকট নিরসনের লক্ষ্যে তৈরি আচরণ ব্যবস্থাপনার বিভিন্ন কৌশল অন্তর্ভুক্ত করে।

2. সংকটের মুখোমুখী শিক্ষার্থীদের সুরক্ষা স্থান হিসেবে ব্যবহারের জন্য স্কুল বিল্ডিংয়ের স্থানসমূহ শনাক্ত করে।

3. প্রশমন কৌশলে প্রশিক্ষণ আছে, এমন স্কুল স্টাফদের শনাক্ত করে।

4. স্কুল ও কমিউনিটিতে লভ্য সহায়-সঙ্গতি এবং পরিষেবা (যেমন, মেন্টাল হেলথ ক্লিনিক, মোবাইল ক্রাইসিস টিম, হটলাইন, জরুরি/একই-দিনে মানসিক স্বাস্থ্য মূল্যায়ন করে এমন ফ্যাসিলিটি) শনাক্ত করে।

5. স্কুল কর্মচারীদের কাছে সংকট প্রশমন ও প্রতিবিধানের নিয়মনীতি কীভাবে অবহিত করা হয় তার বর্ণনা দেয়।

IV. **সংযম এবং অন্য হস্তক্ষেপ বিষয়ক বিধি-নিষেধ**

A. স্কুল কর্মী এবং নন-DOE ব্যক্তিবর্গ যারা স্কুলে কাজ করেন তারা কোনো শিক্ষার্থীর বিরুদ্ধে নিচে উল্লিখিত যেকোনো ব্যবস্থা করতে পারবেন না: দৈহিক শাস্তি, বিরূপ প্রতিক্রিয়া হয় এমন হস্তক্ষেপ, মেকানিক্যাল (যান্ত্রিক সংযম, পৃথকীকরণ ইত্যাদি যেমনটি নিচে সংজ্ঞায়িত।

1. দৈহিক শাস্তি (দেখুন চ্যান্সেলরের প্রবিধান A-420).

2. বিরূপ হস্তক্ষেপ বলতে বোঝায় এমন হস্তক্ষেপ যা শিক্ষার্থীর আচরণ সংশোধন করা বা হ্রাস করার উদ্দেশ্য ব্যাথা বা অস্বস্তি আরোপ করা, এবং এর অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমিত নয়, ক্ষতিকর, যন্ত্রণাদায়ক, অথবা শরীরে প্রবেশ করে এমন স্প্রে, কোনো শ্বাসযন্ত্রের ব্যবহার, অথবা স্বাদ প্রদান বা ক্ষতিকর, যন্ত্রণাদায়ক, প্রবেশযোগ্য উদ্দীপক অথবা কর্মকাণ্ড, সম্ভাব্য খাবারের

প্রোগ্রাম (যেমন খাবার প্রত্যাখ্যান বা দেরিতে প্রদান বিস্বাদ প্রদানের উদ্দেশ্যে খাবার বা পানীয়ের পরিবর্তন)।

3. যান্ত্রিক আটকাবস্থা বলতে বোঝায় যেকোনো যন্ত্রের ব্যবহার যা কোনো শিক্ষার্থীর চলাচলের স্বাধীনতা সীমিত করে কিন্তু তার অন্তর্ভুক্ত নয় সেইসব যন্ত্র যা কোনো একজন যথাযথ চিকিৎসক অথবা সম্পর্কিত পরিষেবা পেশাদার কর্তৃক ব্যবস্থাপত্রে সুপারিশ করা হয়েছে, যেমন অভিযোজিত যন্ত্র বা যান্ত্রিক সহায়তা, যানবাহনে সুরক্ষাকারী নিয়ন্ত্রণ ব্যবস্থা, স্বাস্থ্য-সংক্রান্ত উদ্দেশ্যে নিয়ন্ত্রণ ব্যবস্থা, অথবা অস্থিসংশ্লিষ্ট কারণে সুপারিশকৃত যন্ত্রাদি।

4. পৃথকীকরণ বলতে বোঝায় একজন শিক্ষার্থীকে অনৈচ্ছিকভাবে কোনো একটি কক্ষে বা স্থানে আলাদা করে রাখা যাতে যে সেখান থেকে বের হতে না পারে।

a) পৃথকীকরণে বিরাম বা শান্তিমূলক সাময়িক বিরতির সময় অন্তর্ভুক্ত নয়।

(1) টাইমআউট (শান্তিমূলক সাময়িক বিরতি) দিয়ে বোঝায় কোনো শিক্ষার্থীকে তালাবদ্ধ-নয় এমন পরিবেশে তত্ত্বাবধানাধীন অবস্থায় আলাদা রাখা এবং সেটি বাস্তবায়ন করা হয় প্রশমন এবং নিয়ন্ত্রণ পুনরুদ্ধারের উদ্দেশ্যে। টাইমআ্উট শুধুমাত্র ব্যবহৃত হতে পারে যখন কম বিধি-নিষেধের হস্তক্ষেপ শিক্ষার্থী বা অন্যদেরকে আসন্ন গুরুতর দৈহিক ক্ষতির বিপদ থেকে রক্ষা করে না এবং সেখানে এর ব্যবহারে জানা কোনো স্বাস্থ্যগত বিরোধপূর্ণ লক্ষণ থাকে না এবং এটি ব্যবহারে স্টাফ-এর প্রশিক্ষণ থাকে।

(2) যেকোনো টাইমআউট শুধু নিরাপদ, বতালাবদ্ধ-নয় এমন স্থানে দেয়া হতে পারে যা ভিতর থেকে খোলা যেতে পারে, অবশ্যই সেটি অব্যাহত এবং দৃশ্যমানভাবে মনিটর করা হবে এবং সেখানে এমন কোনো জিনিস থাকবে না যেটি শিক্ষার্থীর জন্য বিপজ্জনক হতে পারে।

(3) শিক্ষার্থীটি যত তাড়াতাড়ি নিরাপদভাবে প্রশমিত হবে, নিয়ন্ত্রণ পুনরুদ্ধার করবে এবং প্রতাাশা পূরণে প্রস্তুত হবে তত দ্রুত তার টাইমআউট অবশ্যই সমাপ্ত হতে হবে।

(4) পৃথকীকরণ বা টাইমআউটের মধ্যে অন্তর্ভুক্ত নয় কোনো শিক্ষার্থী-প্রবর্তীত বা শিক্ষার্থী-অনুরোধকৃত বিরাম অথবা সহায়ক উপকরণ বা কর্মকাণ্ড বিশিষ্ট রুম বা স্থানের ব্যবহার অথবা হস্তক্ষেপের ব্যবহার যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ।

B. স্কুলে কর্মরত স্কুল কর্মীগণ দৈহিক আটকাবস্থার কৌশল ব্যবহার করতে পারবে না। স্কুলগুলিতে কর্মরত নন-DOE ব্যক্তিবর্গ দৈহিক আটকাবস্থার কৌশল ব্যবহার করতে পারবে না যদি না তাদের দৈহিক আটকাবস্থা ব্যবহারে যথাযথ প্রশিক্ষণ থাকে, এবং দৈহিক আটকাবস্থা শুধু ব্যবহার করতে পারে যখন:

1. অন্য কম নিষেধাত্মক ও জবরদস্তিমূলক হস্তক্ষেপ এবং প্রশমন কৌশল শিক্ষার্থী বা অন্যদেরকে আসন্ন গুরুতর দৈহিক ক্ষতির বিপদ থেকে রক্ষা করে না; এবং সেখানে এর ব্যবহারে শিক্ষার্থীর উপর জানা কোনো স্বাস্থ্যগত বিরোধপূর্ণ লক্ষণ না থাকে।

2. দৈহিক আটকাবস্থা বলতে বোঝায় ব্যক্তিগত আটকাবস্থা যা শিক্ষার্থীর অঙ্গপ্রত্যঙ্গ, মাথা, বা শরীরকে স্বাধীনভাবে চালানোর ক্ষমতাকে ব্যাহত বা হ্রাস করে কিন্তু এতে অন্তর্ভুক্ত নয় কোনো সশরীর প্রহরীর উপস্থিতি বা শিক্ষার্থীর নিরাপত্তা জোরদারের জন্য সংক্ষিপ্ত শারীরিক স্পর্শ করা, কোনো শিক্ষার্থীকে শান্ত করতে, অথবা কোনো শিক্ষার্থীর শিক্ষাদানে বা কোনো একটি দক্ষতা অর্জনে পথনির্দেশ দেওয়া।

3. শরীরিক আটকাবস্থা প্রিস্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে ব্যবহৃত হবে না।

4. এই প্রবিধানের সেকশন IX-এ বর্ণিত রিপোর্টিং প্রক্রিয়া অনুসরণ করা হয়।

C. সংকট হস্তক্ষেপ পরিকল্পনা ও এই প্রবিধান অনুযায়ী কোনো সংকট সমাধান করা না গেলে এবং আটকাবস্থার প্রয়োজন আছে মনে হলে পরবর্তী পদক্ষেপ নির্ধারণের জন্য প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে। স্কুল কর্মীগণ প্রিন্সিপ্যল/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে যোগাযোগের আগে, স্কুল সেফটি এজেন্ট (SSA)-এর মতো স্কুল-বহির্ভূত কর্মীদেরকে কোনো সংকটে থাকা শিক্ষার্থীকে আটক করার অনুরোধ জানাবেন না।

## V. স্কুল কর্মীদের পেশাগত উন্নয়ন

A. DOE শিক্ষক নন এমন কর্মীসহ, সকল স্কুল কর্মীদের জন্য প্রতিবছর 31 অক্টোবরের মধ্যে অবশ্যই ওরিয়েন্টেশন আয়োজন করবে। ওরিয়েন্টেশন অধিবেশনে অবশ্যই এই প্রবিধানে বর্ণিত নীতিমালা ও পদ্ধতিসমূহ এবং স্কুলের সংকট প্রশমন পরিকল্পনা উপস্থাপন অন্তর্ভুক্ত হতে হবে।

B. প্রতি শিক্ষা বছরের 31 অক্টোবরের মধ্যে, এই প্রবিধানে বর্ণিত নীতিমালা এবং প্রক্রিয়াসমূহ এবং আচরণগত সংকট প্রশমন পরিকল্পনা অবশ্যই একটি স্কুল সেফটি কমিটি মিটিংয়ে উপস্থাপন করতে হবে।

C. প্রতিটি স্কুল অবশ্যই তাদের বার্ষিক কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট প্ল্যানে 31 অক্টোবরের মধ্যে যে ওরিয়েন্টেশন অধিবেশন অনুষ্ঠিত হয়েছে সেটি প্রত্যয়ন করবে।

D. সংকট হস্তক্ষেপ টিম সদস্যগণ অবশ্যই সংকট সম্পৃক্ত বিষয়ে অব্যাহত পেশাগত উন্নয়ন লাভ করে যার অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমিত নয়, শিক্ষার্থী কল্যাণ এবং আচরণগত সংকট প্রতিরোধ এবং প্রশমনের উন্নতি। সংকট টিমের সদস্যদের জন্য বাড়তি প্রশিক্ষণের বিষয়বস্তু সম্পর্কে জানতে চ্যান্সেলরের প্রবিধান A-755 দেখুন। এছাড়া, সংকট টিম লিডার অবশ্যই সংকট টিম লিডারশিপ বিষয়ে বার্ষিক প্রশিক্ষণ লাভ করবেন।

## VI. আচরণগত সংকট পরিস্থিতিতে সাড়াদান

A. কোনো একটি সংকট পরিস্থিতির ক্ষেত্রে, রুমের শিক্ষক এবং অন্য স্কুল কর্মীগদেরকে অবশ্যই সম্ভব হলে স্কুল সংকট প্রশমন পরিকল্পনায় বর্ণিত আচরণগত সংকটসমূহের সমাধানের বিভিন্ন কৌশল এবং হস্তক্ষেপ ব্যবহার করে আচরণটি নিরাপদে প্রশমনের প্রচেষ্টা চালাবেন।

B. যদি ক্লাসরুম শিক্ষকগণ/কর্মীবৃন্দ আচরণটি নিরাপদভাবে প্রশমন করতে না পারেন, প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে পরিস্থিতি সম্পর্কে জানাতে হবে।

C. প্রিন্সিপাল/তার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিকে সংকট প্রশমনে প্রশিক্ষিত ব্যক্তিবর্গ এবং/অথবা স্কুল কমীদের (যেমন সংকট টিম) সাহায্য চাইতে হবে।

D. একই সময়ে, প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই পিতামাতাকে এই খবরটি জানানোর (ফোনে, অথবা ফোনে অসফল হলে, টেক্সটে, ইমেইলে, বা ভয়েসমেইলে) সর্বতো চেষ্টা করবেন যে শিক্ষার্থীটি সংকটে রয়েছে। পিতামাতাদের সাথে যোগাযোগের সময় দোভাষী পরিষেবা সম্পর্কে জানতে চ্যান্সেলরের প্রবিধান Chancellor's A-663 দেখুন। যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায়, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জরুরি যোগাযোগের কার্ডে উল্লিখিত জরুরি যোগাযোগের ব্যক্তিদেরকে জানানোর চেষ্টা করতে হবে।

1. নিরাপত্তার কথা বিবেচনায় নিয়ে এবং যদি পরিস্থিতি প্রশমনে স্কুল কর্মীদের প্রচেষ্টায় কোনো ব্যাঘাত না ঘটে, তাহলে পিতামাতাকে অবশ্যই ফোনে অথবা ব্যক্তিগতভাবে তার সন্তানের সাথে কথা বলার সুযোগ দিতে হবে।

E. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে শিক্ষার্থীর একটি বিশ্বাসের সম্পর্ক আছে, এমন অন্য যথাযথ স্কুল কর্মী, কোনো স্কুল কাউন্সেলর অথবা স্কুল-ভিত্তিক মেন্টাল হেলথ্ ক্লিনিক (SBMHC)-এর ব্যক্তিবর্গের কারও কাছ থেকে সহায়তাও চাওয়া উচিত। প্রিন্সিপাল অন-সাইট উপস্থিত বিদ্যমান স্কুল-ভিত্তিক হেলথ্ সেন্টারের কাছে, স্কুলের একজন CBO, অথবা চিলড্রেন মোবাইল ক্রাইসিস টিম-ও মানসিক স্বাস্থ্য পরিষেবা (SBMHC)-এর কাছেও সহায়তা চাইতে পারেন।

F. যদি সংকট প্রশমন হয়, শিক্ষার্থীটির পিতামাতার সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে এবং ঘটনাবলী জানাতে হবে। শিক্ষার্থীকে অবিলম্বে ক্লাসে ফিরে যেতে হবে।

G. যদি সংকট প্রশমন না হয় এবং স্কুল-কর্মী অথবা উপরে বর্ণিত সহায়ক পরিষেবা দ্বারা নিরাপদভাবে সমাধান করা না যায়, এবং শিক্ষার্থীর আচরণ আসন্ন এবং উল্লেখযোগ্য গুরুতর আঘাত-প্রাপ্তির ঝুঁকি সৃষ্টি করে, প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত বাক্তিকে অবশ্যই জানাতে হবে। প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত বাক্তি নির্ধারণ করবেন বাড়তি কোনো প্রচেষ্টা গ্রহণ করতে হবে কিনা এবং/অথবা জরুরি সহায়তার জন্য 911 কল করতে হবে কিনা। 911 নম্বরে শুধু যোগাযোগ করা যাবে প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির অনুমোদন নিয়ে।

H. কোনো অবস্থাতেই শিক্ষার্থীর আচরণহেতু শৃঙ্খলামূলক প্রতিক্রিয়া বা শৃঙ্খলামূলক ব্যবস্থা হিসেবে 911 নম্বরে ফোন করা যাবে না। উপরন্তু, 911 অবশ্যই প্রশমন কৌশল অথবা সহায়সঙ্গতির পরিবর্তে বা বিকল্প হিসেবে ব্যবহার করা যাবে না যেখানে উপরে উল্লিখিত কৌশল এবং সহায়সঙ্গতি সংকট সমাধানে নিরাপদভাবে ব্যবহার করা যেতে পারে।

I. স্কুল কর্মীগণ কোনো পিতামাতাকে 911 নম্বরে বা EMS-এ ফোন করার নির্দেশ বা সন্তানকে নিয়ে যাওয়ার চাপদানের হুমকি দিতে পারেন না।

VII. **যখন 911 নম্বরে ফোন করা হয়, তখন স্কুলের দায়িত্বাবলী**

A. যখন কোনো শিক্ষার্থীর আচরণের কারণে 911 নম্বরে ফোন করা হয়, প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই দ্রুত পিতামাতাকে জানাতে হবে যে 911 কল করা হয়েছে। যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায়, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জরুরি যোগাযোগের ব্যক্তিদেরকে জানানোর চেষ্টা করতে হবে।

1. পিতামাতারা যদি স্কুলে এসে পড়ে থাকেন এবং এর ফলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীদের দায়িত্ব ও কর্তব্যপালনে বাধা সৃষ্টি করবে না এরকম মনে হয়, তাহলে পিতামাতাকে অবশ্যই ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারী এবং শিক্ষার্থীর সঙ্গে কথা বলার সুযোগ দিতে হবে।

2. যদি এমন হয় যে পিতামাতা স্কুলে এসে পৌঁছান নাই কিন্তু ফোনে তাদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে, তাহলে সম্ভব হলে এবং এটি যদি অযৌক্তিকভাবে যথাযথ কাজের ব্যাঘাত না ঘটায়, তাহলে পিতামাতাদের অবশ্যই ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারী এবং শিক্ষার্থীর সঙ্গে কথা বলার সুযোগ দিতে হবে।

B. যদি পিতামাতা তার সন্তানকে হাসপাতালে না পাঠানোর জন্য অনুরোধ করেন, তাহলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীরা DOE কর্মচারী, পিতামাতা এবং যথোপযুক্ত অন্যান্য ব্যক্তি থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করবেন এবং চিকিৎসা সহায়তা প্রত্যাখ্যানের ক্ষেত্রে FDNY-র নীতিমালা ও পদ্ধতি অনুসারে পিতামাতার অনুরোধ রক্ষা করা যায় কিনা সেই সিদ্ধান্ত নেবেন।

C. যদি স্কুল প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগে অসমর্থ হন, তাহলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীরা DOE কর্মচারী, পিতামাতা এবং যথোপযুক্ত অন্যান্য ব্যক্তি থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করার পর, শিক্ষার্থীর জরুরি চিকিৎসা এবং/অথবা পরিবহন আবশ্যক কিনা তা নিরূপণ করবেন। যদি নিরুপিত হয় যে শিক্ষার্থীকে হাসপাতালে পাঠানো হবে, তাহলে স্কুল কর্মচারীকে অবশ্যই শিক্ষার্থীর সঙ্গে যেতে হবে। যদি স্কুল কর্মচারীর স্কুল দিবস শেষ হওয়ার আগে পিতামাতা না পৌঁছান, তাহলে পরবর্তী নির্দেশের জন্য কর্মী সদস্যকে অবশ্যই প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সঙ্গে যোগাযোগ করতে হবে।

D. যদি নির্ধারিত হয় যে শিক্ষার্থীটির জরুরি চিকৎসা এবং/অথবা পরিবহনের আবশ্যিকতা নেই এবং আচরণ নিরসন হয়েছে, স্কুল কর্মীগণ এবং পিতামাতা যথাযথ পরবর্তী ধাপসমূহ আলোচনা করবেন। স্কুল কর্মীগণ কোনো পিতামাতাকে তার সন্তানকে স্কুল থেকে নিয়ে যাওয়ার জন্য নির্দেশ অথবা চাপ সৃষ্টি করতে পারেন না।

VIII. **পরবর্তী পদক্ষেপ**

A. শিক্ষার্থীটি অবশ্যই যথাযথ শিক্ষানির্দেশনা লাভ অব্যাহত রাখবে। শিক্ষার্থীর স্কুলে উপস্থিতি বা প্রত্যাবর্তনের শর্ত হিসেবে স্কুল মানসিক সুস্থতার ছাড়পত্রের (ক্লিয়ারেন্স লেটারের) জন্য অনুরোধ বা তা বাড়তি বাধ্যতামূলক শর্ত হিসেবে আরোপ করতে পারবে না।

B. যেকোনো আচরণগত সংকট যেটিতে সংকট টিম সংশ্লিষ্ট ছিলো এবং/অথবা 911 নম্বরে কল করা হয়েছে সেটির পরে, স্কুল কর্মীগণ অবশ্যই শিক্ষার্থীর জন্য যথাযথ ইতিবাচক আচরণগত সহায়তা এবং হস্তক্ষেপ আলোচনা করতে পিতামাতা (এবং যেখানে প্রযোজ্য শিক্ষার্থীর) সাথে মিলিত হবার প্রচেষ্টা চালাবেন। এই হস্তক্ষেপসমূহের অন্তর্ভুক্ত হতে পারে, কিন্তু এতেই সীমিত নয়, গাইডেন্স কাউন্সেলিং, বাইরের মানসিক স্বাস্থ্য সহায়তার জন্য রেফারাল, একটি স্পেশাল এডুকেশন মূল্যায়নের রেফারাল, IEP-যুক্ত শিক্ষার্থীদের একটি ফাংশনাল বিহেভিয়ার অ্যাসেসমেন্টের রেফারাল, শিক্ষার্থী এবং পিতামাতার সাথে একটি আচরণ পরিকল্পনা তৈরি।

IX. **রিপোর্ট করার প্রক্রিয়া**

A. যখনই 911 নম্বরে যোগাযোগ করা হয় তখন প্রিন্সিপ্যাল/তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তি অবশ্যই (718) 935-3210 নম্বরে ফোন করে DOE ইমার্জেন্সি ইনটেক সেন্টার (EIC)-কে অবহিত করবেন।

B. যদি আচরণ প্রশমনের অংশ হিসেবে দৈহিক জবরদস্তি এবং/অথবা টাইমআউট ব্যবহার করা হয়ে থাকে, পিতামাতাকে অবশ্যই দ্রুত জানাতে হবে, এবং ঘটনার রিপোর্টের একটি কপি তিন (3) স্কুল দিবসের মধ্যে পিতামাতাকে অবশ্যই প্রদান করতে হবে।

C. অনলাইনে ঘটনার রিপোর্টসমূহ

1. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি সকল ঘটনা যেটিতে সংকট প্রশমনের নিয়ম-নীতি ব্যবহৃত হয়েছে, সেগুলি এর অন্তর্ভুক্ত যখন 911 নম্বরে যোগাযোগ করা হয়েছিল সেসব সকল ঘটনাসহ, এক স্কুল দিবসের মধ্যে একটি অনলাইন অকারেন্স রিপোর্ট (OORS রিপোর্ট) পূরণ করবেন।

2. যদি 911 নম্বরে যোগাযোগ করা হয়ে থাকে, তাহলে কল দেওয়ার আগে যেসব প্রশমন কর্মকাণ্ডসমূহ করা যে সমূহ যে ঝুঁকির কারণে কলা হয়েছিল, সেগুলির বিবরণ দান গুরুত্বপূর্ণ।

D. প্রবিধানের একটি কপি পিতামাতাদের কাছে অবশ্যই লভ্য হবে। পিতামাতাদের, চ্যান্সেলরের প্রবিধান A-820 এবং ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (FERPA) অনুসারে, অনুরোধসাপেক্ষে, তাদের সন্তানের অকারেন্স রিপোর্টের কপি লাভে অধিকার আছে।

## X. **অনুসন্ধান**

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:
অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট
N.Y.C. ডিপার্টমেন্ট অভ এডুকেশন
52 Chambers Street – Room 218
New York, NY 10007
টেলিফোন: 212-374-5501 নম্বরে কথা বলতে পারেন
ফ্যাক্স: 212-374-5751
ইমেইল: Crisissupport@schools.nyc.gov